# দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
## গাজীপুর-১৭০৩।

## নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩-এ নিম্নোক্ত ৮টি পদে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে নিম্ন বর্ণিত জেলাসমূহের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক নং | গ্রেড নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল ২০১৫ | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১৬ | সহকারী | ১৪টি (সাধারণ জেলা কোটায় ১০টি, মুক্তিযোদ্ধা কোটায় ৪টি) | ৯৩০০-২২৪৯০/- | ১৮-৩০ বছর বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ৩.০০ সহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২ | ১৬ | ভল্ট সহকারী | ২টি (সাধারণ জেলা কোটায় ১টি, মুক্তিযোদ্ধা কোটায় ১টি) | ৯৩০০-২২৪৯০/- | ঐ | ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ৩.০০সহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৩ | ১৬ | পরীক্ষক | ৩৭টি (সাধারণ জেলা কোটায় ২৬টি, মুক্তিযোদ্ধা কোটায় ১১টি) | ৯৩০০-২২৪৯০/- | ঐ | ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ৩.০০সহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৪ | ১৬ | প্রোডাকশন চেকার (পুরুষ) | ৬টি (সাধারণ জেলা কোটায় ৪টি, মুক্তিযোদ্ধা কোটায় ২টি) | ৯৩০০-২২৪৯০/- | ঐ | ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ৩.০০সহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৫ | ১৬ | ইন্টারনাল চেকার (পুরুষ) | ১৪টি (সাধারণ জেলা কোটায় ১০টি, মুক্তিযোদ্ধা কোটায় ৪টি) | ৯৩০০-২২৪৯০/- | ঐ | ন্যূনতম ২য় বিভাগ/সিজিপিএ ৩.০০সহ এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৬ | ১৬ | নিরাপত্তা সহকারী | ১টি (মুক্তিযোদ্ধা কোটায়) | ৯৩০০-২২৪৯০/- | ঐ | ন্যূনতম সিজিপিএ ৩.০০সহ এইচএসসি পাশ। প্রতিরক্ষা বা পুলিশ বিভাগের অবসরপ্রাপ্ত নায়েক বা সমমানের পদ মর্যাদা সম্পন্ন হলে অগ্রাধিকার প্রদান করা হবে এবং সেক্ষেত্রে বয়সসীমা ৪৫ বছর। |
| ৭ | ২০ | নিরাপত্তা প্রহরী | ৬টি (সাধারণ জেলা কোটায় ৪টি, মুক্তিযোদ্ধা কোটায় ২টি) | ৮২৫০-২০০১০/- | ঐ | ন্যূনতম এসএসসি/সমমান পাশ অথবা প্রতিরক্ষা বিভাগের অবসরপ্রাপ্ত সৈনিক বা ব্যাটেলিয়ান আনসার। অবসরপ্রাপ্ত সৈনিক বা ব্যাটালিয়ান আনসারদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বছর। |
| ৮ | ২০ | খাদেম | ১টি (সাধারণ জেলা কোটায়) | ৮২৫০-২০০১০/- | ঐ | ন্যূনতম দাখিল পাশ। |

(ক) জীবন বৃত্তান্তে নিম্নে বর্ণিত তথ্যসমূহ সন্নিবেশ করতে হবেঃ
১। নাম ২। পিতা/স্বামীর নাম ৩। মাতার নাম ৪। বর্তমান ঠিকানা ৫। স্থায়ী ঠিকানা ৬। জন্ম তারিখ ৭। বয়স (২২/০৪/২০১৮ ইং তারিখে ) ৮। জাতীয়তা ৯। শিক্ষাগত যোগ্যতা ১০। অভিজ্ঞতা ১১। বৈবাহিক অবস্থা ১২। আবেদনকারীর স্বাক্ষর।

(খ) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত সার্টিফিকেট/দলিলাদি সংযুক্ত করতে হবেঃ
(১) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি, (২) সম্প্রতি তোলা ৪ (চার) কপি (ছবির পিছনে প্রার্থীর নামসহ) পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, (৩) গেজেটেড অফিসার/বাংলাদেশ ব্যাংক/সরকার অনুমোদিত মহাবিদ্যালয়/উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এর যে কোন ২ (দুই) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদেয় ২ (দুই)টি চারিত্রিক সনদ, (৪) ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর, সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, (৫) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (৬) বিদ্যালয়সহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্রের সত্যায়িত কপি, (৭) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিরক্ষা বিভাগের অবসরপ্রাপ্ত প্রার্থীদের চাকুরী বহির সত্যায়িত কপি।

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণ মুক্তিযোদ্ধার স্বপক্ষে যাবতীয় প্রমাণাদি যেমন- মুক্তিবার্তার নম্বর, গেজেট, সনদ ইত্যাদি এবং মুক্তিযোদ্ধার সংগে সম্পর্কীয় সত্যায়িত প্রমাণপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার এবং সাধারণ জেলা কোটার ক্ষেত্রে নিম্নোক্ত জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেঃ
ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী,ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্রগ্রাম, বানদরবন, কক্সবাজার, বি-বাড়ীয়া, কুমিলস্না, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।

(ঙ) আবেদনপত্র দাখিলঃ
আগ্রহী প্রার্থীদেরকে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ বরাবরে লিখিত আবেদনপত্র প্রেরণ করতে হবে যা সর্বশেষ আগামী ২২/০৪/২০১৮ ইং তারিখ পর্যন্ত (অফিস সময়ের মধ্যে) গ্রহণ করা হবে। চাকুরীরত প্রার্থীগণকে তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত পেশ করতে হবে। খামের উপরে পদের নাম লিখতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে। বর্ণিত পদের সংখ্যা কম/বেশী হতে পারে। যে কোন অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। বিজ্ঞপ্তিটি করপোরেশনের Website: www.spcbl.org.bd এবং বাংলাদেশ ব্যাংকের Website: www.bb.org.bd এ পাওয়া যাবে।

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক(প্রশাসন)